যুগান্তর

তারিখ 25 MAR 2015
পৃষ্ঠা ৪ কলাম ৬

# প্রশ্নবিদ্ধ ছাত্র রাজনীতি

ছাত্ররাই দেশের ভবিষ্যৎ রূপকার। সারা বিশ্বে শিক্ষার্থীরা সঠিকভাবে নিজেদের তৈরি করে দেশ ও জাতিকে উন্নতির শিখরে নিয়ে যাচ্ছে। সেখানকার শিক্ষাঙ্গনগুলোর দিকে তাকালে দেখা যায়, সেখানে কোনো বন্দুকযুদ্ধ হয় না, কোনো লাশ পড়ে না, অনির্দিষ্টকালের জন্য কলেজ কিংবা বিশ্ববিদ্যালয় বন্ধ হওয়া তো দূরের কথা, একাডেমিক ক্যালেন্ডারের একটি দিনও নষ্ট হয় না। ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশ স্বাধীনতা অর্জন করার অনেক আগে থেকেই এ ভূখণ্ডে ছাত্র রাজনীতির চর্চা চলে আসছে। বাংলাদেশের অধিকাংশ নেতৃত্ব তৈরির পেছনে ছাত্র রাজনীতির বিশাল ভূমিকা রয়েছে। এমনকি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানও ছাত্র রাজনীতির ফসল। কিন্তু বর্তমানে এদেশের ছাত্র রাজনীতির খুবই করুণ দশা।



ছাত্র রাজনীতি অনেকের প্রাণনাশের কারণ হয়ে দেখা দিয়েছে। ছাত্রনেতারা লড়াই করবে শিক্ষার অগ্রগতির জন্য; তারা সাধারণ শিক্ষার্থীদের সমস্যা নিয়ে কথা বলবে। তা না করে তারা বিভিন্ন রাজনৈতিক দলের লেজুড়বৃত্তি করে শিক্ষাঙ্গন ও দেশের ধ্বংস ডেকে আনছে। একজন ছাত্র যেখানে নিজের ভালো লাগা ও আদর্শবোধ থেকে রাজনীতি করবে, সেখানে তারা অর্থ ও প্রতিপত্তির মোহে নষ্ট স্রোতে গা ভাসাচ্ছে। তাদের হাতে শোভা পাচ্ছে দেশী-বিদেশী অস্ত্র। তারা টেন্ডারবাজি, চাঁদাবাজি, ভর্তি বাণিজ্যের মতো অনৈতিক কাজে জড়িয়ে পড়ছে। হলে একটি সিট পাওয়ার জন্য আজকাল ছাত্রদের নিজের নীতিবোধ ও আদর্শ বিসর্জন দিয়ে রাজনৈতিক দলগুলোর আশ্রয় গ্রহণ করতে হয় এবং ওই দলে তাদের গুণগান গাইতে হয়। ছাত্র রাজনীতির এ ধারা থেকে ভালো কিছু শেখা কি সম্ভব?

**আবদুল্লাহ আল কাউসার মিলন**
ফার্মেসি বিভাগ, গণবিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা
milongb21@gmail.com